রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৬ সনের ১৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২১, ২০১৬

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৬৫—২৬৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৯—৩৪৭ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪৯৯—৫১৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৭—১৮ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

### জাতীয় রাজস্ব বোর্ড

**[শুল্ক]**

### বিশেষ আদেশ

তারিখ, ৮ মাঘ, ১৪২২/২১ জানুয়ারি ২০১৬

**নং ০১/২০১৬/শুল্ক**—The Customs Act, 1969 ( Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গত ৩০-০৯-১৫ তারিখে বিশেষ আদেশ নং-৩৪/২০১৫/শুল্ক এর মাধ্যমে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-২২/কাস/এসবিডব্লিউ/৮২ এর বিপরীতে ৪,০০,০০০.০০ মাঃ ডঃ এবং বন্ড লাইসেন্স নং-৫০৫/কাস-পিবিডব্লিউ/৮৫ এর বিপরীতে ৩,০০,০০০.০০ মাঃ ডঃ এর বিপরীতে ২০১৫-১৬ অর্থ বছরের জন্য সর্বমোট ৭,০০০,০০.০০ মার্কিন ডলার বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হয়। বাংলাদেশ পর্যটন কর্পোরেশন গত ১৯-১০-১৫ তারিখে ডি.ও নং-০০.০১৫.০০৭.৮০.০২.০৮১.২০১৫-৪৬৯ এর মাধ্যমে পূর্বোক্ত ০২ (দুইটি) টি বন্ড লাইসেন্সের বিপরীতে ২০১৫-১৬ অর্থ বছরের জন্য আরো ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) মার্কিন ডলার আমদানি প্রাপ্যতা প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করে।

২। বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের উক্ত পত্রটি পরীক্ষা ও পর্যালোচনান্তে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ পর্যটন কর্পোরেশন এর শুল্কমুক্ত বিপণীর বন্ড লাইসেন্স নং-২২/কাস/এসবিডব্লিউ/৮২ এর বিপরীতে ৫,০০,০০০.০০ মাঃ ডঃ এবং বন্ড লাইসেন্স নং-৫০৫/কাস-পিবিডব্লিউ/৮৫ এর বিপরীতে ৫,০০,০০০.০০ অর্থাৎ সর্বমোট ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) মাঃ ডঃ ২০১৫-১৬ অর্থ বছরের আমাদনি প্রাপ্যতা প্রদান করা হলো।

৩। এ আমদানি প্রাপ্যতা বিশেষ আদেশ নং-৩৪/২০১৫/শুল্ক এর মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানকে ২০১৫-১৬ অর্থ বছরের জন্য প্রদত্ত ৭,০০,০০০.০০ (সাত লক্ষ) মার্কিট ডলার আমদানি প্রাপ্যতার অতিরিক্ত হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ.এফ.এম শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**আদেশ**

তারিখ, ২৫ জানুয়ারি ২০১৬

**নং ০৮.০১.০০০০.৫৬.০০১.০০৬.১৫/১২**—আগামী ২৬ জানুয়ারি ২০১৬ খ্রিঃ তারিখ আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০১৬ উদযাপন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে Certificate of Merit সম্মাননার জন্য নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

**Certificate of Merit এর জন্য জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন মনোনীত কর্মকর্তাগণের নাম:**

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম | পদবী | দপ্তরের নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | জনাব বেলাল হোসাইন চৌধুরী | অতিঃ কমিশনার (অতিঃ মহাপরিচালক) | মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। |
| (২) | সৈয়দ মুশফিকুর রহমান | অতিঃ কমিশনার (অতিঃ মহাপরিচালক) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম। |
| (৩) | জনাব কাজী তৌহিদা আখতার | অতিঃ কমিশনার | কাস্টম হাউস (আইসিডি), কমলাপুর, ঢাকা |
| (৪) | জনাব মিয়া মোঃ আবু ওবায়দা | যুগ্ম কমিশনার | সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা |
| (৫) | জনাব মোঃ গিয়াস কামাল | যুগ্ম কমিশনার (চঃদাঃ) | কাস্টম হাউজ, চট্টগ্রাম |
| (৬) | জনাব শামীমা আক্তার | যুগ্ম কমিশনার | বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা |
| (৭) | জনাব মোহাম্মদ শহীদুল ইসলাম | উপ-কমিশনার (চঃদাঃ) [দ্বিতীয় সচিব] | জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা |
| (৮) | জনাব মোছাঃ রোজিনা পারভীন | উপ-পরিচালক (চঃদাঃ) | সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা |
| (৯) | জনাব মোহাম্মদ জাকির হোসেন | উপ-পরিচালক (চঃদাঃ) | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা |
| (১০) | জনাব লুবানা ইয়াসমিন | উপ-কমিশনার (চঃদাঃ) | কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা। |
| (১১) | জনাব নুসরাত জাহান | সহকারী কমিশনার | কাস্টম হাউস, বেনাপোল |
| (১২) | জনাব মোঃ বদরুজ্জামান মুন্সী | সহকারী কমিশনার | বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা |
| (১৩) | জনাব নাজমুন নাহার | সহকারী কমিশনার | কাস্টমস, বন্ড কমিশনারেট, ঢাকা |
| (১৪) | জনাব সানজিদা খানম | সহকারী কমিশনার | কাস্টম হাউস, ঢাকা |
| (১৫) | জনাব প্রিতীশ কুমার চৌধুরী | সহকারী রাজস্ব কর্মকর্তা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর |

**Certificate of Merit এর জন্য মনোনীত স্টেকহোল্ডারদের নাম:**

| ক্রমিক নং | ব্যক্তির নাম | প্রতিষ্ঠানের নাম | পদবী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | জনাব মাহবুবুল আলম | FBCCI | ভাইস প্রেসিডেন্ট |
| (২) | জনাব সিদ্দিকুর রহমান | BGMEA | সভাপতি |
| (৩) | জনাব শেখ ফজলে ফাহিম | FBCCI | পরিচালক |
| (৪) | জনাব হায়দার আহমেদ খান, এফসিএ | DCCI | সাবেক সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, DCCI |
| (৫) | মিসেস হাসিনা নেওয়াজ | FBCCI | পরিচালক |

২। **Certificate of Merit** সম্মাননার জন্য মনোনীত কর্মকর্তাগণকে আগামী ২৬ জানুয়ারি ২০১৬ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অফিসার্স ক্লাব, ২৬ বেইলি রোড, ঢাকায় উপস্থিত থেকে সম্মাননা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মোসা. সারমিন আক্তার মজুমদার**
দ্বিতীয় সচিব (শুল্কঃ WCO Affairs)।

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
### সংস্থা শাখা
### প্রজ্ঞাপন

তারিখ, ১১ জানুয়ারি ২০১৬

**নং ১৬.০০.০০০০.০০৪.০৫.২৪৭.১৫-১২**—উপর্যুক্ত বিষয়ে ১৯৮৩ সালের খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট অধ্যাদেশ (অধ্যাদেশ নং-৭০)-এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টি পুনর্গঠন করলেন:

(ক) চেয়ারম্যান : অধ্যক্ষ, মতিউর রহমান
মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(খ) ভাইস-চেয়ারম্যান : এ্যাডভোকেট প্রমোদ মানকিন, এমপি
মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

(গ) ট্রাস্টি : (১) মিঃ নির্মল রোজারিও।
(২) মিঃ হিউবার্ট গমেজ।
(৩) মিসেস রীনা দাস।
(৪) মিঃ জেমস সুব্রত হাজরা।
(৫) মিঃ উইলিয়াম প্রলয় সমদ্দার।

২। বোর্ড অব ট্রাস্টির মেয়াদকাল প্রজ্ঞাপন জারীর তারিখ হইতে ৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরকার যে কোন ট্রাস্টির নিয়োগ বাতিল করতে পারবেন। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ডের চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র পেশ করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ আহছান কবির**
সহকারী সচিব (সংস্থা)।

---

## পরিবেশ ও বন মন্ত্রণালয়
### প্রশাসন শাখা-৩
### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ জানুয়ারি ২০১৬

**নং ২২.০০.০০০০.০৫৩.০২৮.০৯৩.২০১২/৬৫**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৫-১০-১৯৯২ খ্রি. তারিখের ৫১.১১০.২.০.১.৯২.৩০২(৫০০) নং প্রজ্ঞাপন মোতাবেক মাননীয় প্রধানমন্ত্রী পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অফিস সরঞ্জাম (Office Equipment) তালিকায় একটি জীপ গাড়ি অন্তর্ভুক্তির সদয় অনুমোদন প্রদান করেছেন।

২। এ পরিবর্ধনের ফলে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অফিস সরঞ্জামের (Office Equipment) সংশোধিত তালিকা নিম্নরূপ হবে:

| ক্রমিক নং | সরঞ্জামাদি | পরিমাণ |
|---|---|---|
| (১) | কম্পিউটার সেট | ৬৩ টি |
| (২) | ফ্যাক্সমেশিন | ৭ টি |
| (৩) | ফটোকপিয়ার | ৭ টি |
| (৪) | ইন্টারকম | ৫০ লাইন |
| (৫) | ফ্রিজ/রেফ্রিজারেটর | ৪ টি |
| (৬) | মাইক্রোওভেন | ৪ টি |
| (৭) | সার্ভার (ইন্টারনেট সার্ভার) | ৩ টি |
| (৮) | ক্যালকুলেটর | ৬০ টি |
| (৯) | দেয়াল ঘড়ি | ৬০ টি |
| (১০) | টেলিভিশন | ৭ টি |
| (১১) | মাল্টিমিডিয়া | ১ টি |
| (১২) | ল্যাপটপ | ৭ টি |
| (১৩) | মাইক্রোবাস | ৩ টি |
| (১৪) | জীপ গাড়ী | ১ টি |

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ সাজ্জাদ হোসেন ভূঞা**
সিনিয়র সহকারী সচিব।

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা জামস**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ জানুয়ারি ২০১৬

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-৪)/০২**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, ময়মনসিংহ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ময়মনসিংহ জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো :

| ক্রঃ নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণী | নাম ও ঠিকানা | পদবী |
|---|---|---|---|---|
| (১) | ১০(১)(ঘ) | সমাজসেবী | জনাব রোকেয়া বেগম, সহকারী অধ্যাপক (বাংলা), টিচার্স ট্রেনিং কলেজ (পুরুষ), ময়মনসিংহ। | সদস্য |
| (২) | ১০(১)(ঙ) | শিক্ষিকা | জনাব ফাতেমা জোহুরা রাণী, স্বামী- আমিনুল ইসলাম তারা, সাং-১৩৫, আর কে মিশন রোড, সদর, ময়মনিসংহ। | চেয়ারম্যান |
| (৩) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব মনিরা বেগম, সাধারণ সম্পাদক, মহিলা পরিষদ, ময়মনসিংহ শাখা। | সদস্য |
| (৪) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব শামসুন আরজু, স্বামী-মোঃ হামিদুর রহমান, সাং-সুতিয়াখালী (উকিলবাড়ী), ভাবখালী, সদর, ময়মনসিংহ। | সদস্য |
| (৫) | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | জনাব সাহেরা পারভীন মিনু, স্বামী-আলহাজ্ব আফাজ উদ্দিন সরকার, সাং-আকুয়া মড়লবাড়ী, সদর, ময়মনসিংহ। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ২নং ক্রমিকের জনাব ফাতেমা জোহুরা রাণী উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-০৮-২০১৫ তারিখ হতে দু' বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-৪)/০৩**—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, পটুয়াখালী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার পটুয়াখালী জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো :

| ক্রঃ নং | নাম | পদবী | ঠিকানা |
|---|---|---|---|
| (১) | বেগম কাজী কানিজ সুলতানা হেলেন, স্বামীঃ জাহিদ হোসেন তালুকদার | চেয়ারম্যান | ৮নং লেন, সবুজবাগ, পটুয়াখালী |
| (২) | মোসাম্মৎ সাহিদা বেগম (কাজী লীলা), শিক্ষিকা, স্বামীঃ আঃ রাজ্জাক | সদস্য | কাজী আব্দুল মতলেব, মৌকরণ কাজী বাড়ী, ইউনিয়নঃ লাউকাঠি, পটুয়াখালী সদর। |
| (৩) | জনাব জাকিয়া সুলতানা বেবি, স্বামীঃ মোঃ সিরাজুল ইসলাম খান | সদস্য | খান ম্যানশন,ফায়ার সার্ভিস রোড, পটুয়াখালী। |
| (৪) | মোর্শেদা জাহান লিপি, স্বামীঃ মোঃ বখতিয়ার উদ্দিন | সদস্য | আদালত পাড়া, পটুয়াখালী। |
| (৫) | জনাব হাসিনা বেগম, স্বামীঃ মোঃ দেলোয়ার হোসেন | সদস্য | সবুজবাগ, পুকুরপাড়, পটুয়াখালী। |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম কাজী কানিজ সুলতানা হেলেন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ৩১-০৮-২০১৫ তারিখ হতে দু' বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে, তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিলীপ কুমার দেবনাথ**
সহকারী সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ পৌষ ১৪২২/১২ জানুয়ারি ২০১৬

**নং ৩৮.০০৮.০৩৪.০০.০০.০১০.২০১৪-২৬**—চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার 'উত্তর গুজরাহ ঈদগাহ সরকারি প্রাথমিক বিদ্যালয়'-এর নাম পরিবর্তন করে 'উত্তর গুজরাহ ঈদগাহ আবদুস সালাম সরকারি প্রাথমিক বিদ্যালয়' নামকরণ করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জাজরীন নাহার**
সিনিয়র সহকারী সচিব (বিদ্যালয়-২)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ পৌষ ১৪২২/১২ জানুয়ারি ২০১৬

**নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.৩৭৩.২০১২-৮৭**—যেহেতু, জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরী, চেয়ারম্যান, কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার এর বিরুদ্ধে দায়েরকৃত কুতুবদিয়া থানার মামলা নং-০৮, তারিখ ২২-০৭-২০১৩ খ্রিঃ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরী, চেয়ারম্যান, কুতুবদিয়া উপজেলা পরিষদ, কক্সবাজার-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব এ, টি, এম নুরুল বশর চৌধুরীকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-৯ (কলেজ-৪)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৪ চৈত্র ১৪২২/৭ এপ্রিল ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৭০.০৯.০০১.২০১৪-৬৩৮**—কিশোরগঞ্জ জেলার ইটনা উপজেলাধীন 'রাষ্ট্রপতি আবদুল হামিদ কলেজ' ২৭ মার্চ ২০১৬ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল। শর্ত থাকে যে, উক্ত কলেজে আত্তীকৃত শিক্ষকবৃন্দ অন্যত্র বদলি হতে পারবেন না।

তারিখ, ২৮ চৈত্র ১৪২২/১১এপ্রিল ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৭০.০২.০৩২.২০১৫-৬৪০**—গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলাধীন 'মুকসুদপুর কলেজ' ২৭ মার্চ ২০১৬ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল। শর্ত থাকে যে, উক্ত কলেজে আত্তীকৃত শিক্ষকবৃন্দ অন্যত্র বদলি হতে পারবেন না।

**নং ৩৭.০০.০০০০.০৭০.০২.০২৬.২০১৫-৬৪৪**—ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলাধীন 'কাজী মাহবুব উল্লাহ (কে এম) কলেজ' ৩০ মার্চ ২০১৬ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল। শর্ত থাকে যে, উক্ত কলেজে আত্তীকৃত শিক্ষকবৃন্দ অন্যত্র বদলি হতে পারবেন না।

**নং ৩৭.০০.০০০০.০৭০.০৯.০০৯.২০১৪-৬৫০**—বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন 'মোংলা কলেজ' ৩০ মার্চ ২০১৬ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল। শর্ত থাকে যে, উক্ত কলেজে আত্তীকৃত শিক্ষকবৃন্দ অন্যত্র বদলি হতে পারবেন না।

তারিখ, ৩০ চৈত্র ১৪২২/১৩ এপ্রিল ২০১৬

**নং ৩৭.০০০০.০৭০.০২.০২.০৩১.২০১৫-৬৫৪**—বরগুনা জেলার আমতলী উপজেলাধীন 'আমতলী ডিগ্রী কলেজ' ০৭ এপ্রিল ২০১৬ তারিখ হতে জাতীয়করণ করা হ'ল। শর্ত থাকে যে, উক্ত কলেজে আত্তীকৃত শিক্ষকবৃন্দ অন্যত্র বদলি হতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাছিমা খানম**
সিনিয়র সহকারী সচিব।